গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নম্বর- ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১/১১২১ তারিখ: ২৬ /০৭/২০২১ খ্রি.

# বিজ্ঞপ্তি

**বিষয়: ২০২১ সালের এইচএসসি পরীক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট প্রস্তুত ও মূল্যায়ন নির্দেশনা।**

সংশ্লিষ্ট সকলে অবগত আছেন যে কোভিড-১৯ অতিমারির কারণে ১৮/০৩/২০২০ খ্রি. থেকে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে স্বাভাবিক শ্রেণি কার্যক্রম বন্ধ রয়েছে। ফলে ঐ তারিখ থেকে শিক্ষার্থীরা নির্ধারিত পাঠ্যসূচি অনুযায়ী স্বাভাবিক শ্রেণি কার্যক্রমে অংশগ্রহণ করতে পারছেনা। জেএসসি/এসএসসি/এইচএসসি পরীক্ষাও প্রচলিত নিয়ম/পদ্ধতি ও সময়ে অনুষ্ঠিত হচ্ছেনা। এ পরিস্থিতিতে শিক্ষা মন্ত্রণালয় বিকল্প উপায়ে শিক্ষা কার্যক্রম, যেমনঃ সংসদ বাংলাদেশ টেলিভিশন -এর মাধ্যমে পাঠদান কার্যক্রম পরিচালনার ব্যবস্থা করেছে। শিক্ষা প্রতিষ্ঠানসমূহ নিজস্ব ব্যবস্থাপনায় অনলাইনে শিক্ষা কার্যক্রম পরিচালনা করছে। অ্যাসাইনমেন্টের মাধ্যমে শিক্ষার্থীদের মূল্যায়ন ও লার্নিং গ্যাপ পরিমাপের কার্যক্রম বাস্তবায়ন শুরু হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনায় জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) ২০২১ ও ২০২২ সালের এইচএসসি পরীক্ষার্থীদের জন্য পাঠ্যসূচি পুনর্বিন্যাস করেছে। ১৪/০৬/২০২১খ্রি. থেকে ২০২২ সালের এইচএসসি পরীক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট কার্যক্রম শুরু হয়েছে। তারই ধারাবাহিকতায় এনসিটিবি ২০২১ সালের এইচএসসি পরীক্ষার্থীদের জন্যও বিষয় ভিত্তিক মূল্যায়ন নির্দেশনাসহ (রুব্রিক্স) অ্যাসাইনমেন্ট প্রণয়ন করেছে। পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে শিক্ষার্থীদের শিখন কার্যক্রমে আরও সম্পৃক্তকরণ ও ধারাবাহিক মূল্যায়নের আওতায় আনার লক্ষ্যে প্রণীত অ্যাসাইনমেন্টসমূহ ২৬/০৭/২০২১ খ্রি. থেকে প্রদান করা হয়েছে।

কোভিড-১৯ অতিমারিকালীন বিকল্প পন্থায় শিক্ষা কার্যক্রম পরিচালনায় অ্যাসাইনমেন্ট কার্যক্রম আমাদের উচ্চ মাধ্যমিক শিক্ষা ব্যবস্থায় একটি কার্যকর উদ্ভাবনী উপায় হিসেবে পরিগণিত হয়েছে। এ কার্যক্রমটির সফলতা আমাদের ভবিষ্যৎ প্রজন্মকে গড়ে তোলার ক্ষেত্রে একটি অগ্রণী ভূমিকা পালন করবে। কোভিড-১৯ অতিমারি পরবর্তী সময়ে স্বাভাবিক অবস্থা ফিরে আসলেও শিক্ষার্থীদের শিখন কার্যক্রমে সম্পৃক্তকরণ ও ধারাবাহিক মূল্যায়নের জন্য অ্যাসাইনমেন্ট কার্যক্রম অব্যাহত থাকা প্রয়োজন বলে বিশেষজ্ঞগণ মনে করছেন।

গ্রুপভিত্তিক নৈর্বাচনিক বিষয়ের উপর প্রতি সপ্তাহে ০২(দুই)টি করে ১৫(পনের) সপ্তাহের জন্য মোট ৩০(ত্রিশ)টি অ্যাসাইনমেন্ট প্রণয়ন করা হয়েছে। ২৬/০৭/২০২১ খ্রি. এ সকল অ্যাসাইনমেন্টের মধ্যে প্রথম পর্যায়ে ০২ সপ্তাহের জন্য অ্যাস্যাসাইনমেন্ট কাভার পৃষ্ঠার নমুনাসহ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে এবং ০৯ আগষ্ট ২০২১ খ্রি. মধ্যে সুবিধাজনক সময়ে সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক শিক্ষার্থীরা তাদের অ্যাসাইনমেন্ট সম্পন্ন করে শিক্ষা প্রতিষ্ঠানে জমা (সরাসরি/অনলাইনে) প্রদান করবে। এ পর্যায়ে কোভিড-১৯ এর সংক্রমণ রোধে সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি সংক্রান্ত বিধি-নিষেধ অনুসরণপূর্বক শিক্ষা প্রতিষ্ঠানসমূহ নিজ নিজ শিক্ষার্থীদের অ্যাসাইনমেন্টসমূহ পৌঁছানো ও জমা নেয়ার ব্যবস্থা করবে। পরবর্তী সময়ে দ্বিতীয় ধাপের অ্যাসাইনমেন্ট যথা নিয়মে প্রকাশ করা হবে।

অ্যাসাইনমেন্ট কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে নিম্নে বর্ণিত নির্দেশনাসমূহ সংশ্লিষ্টদের যথাযথভাবে অনুসরণ করতে হবে-

**সাধারণ নির্দেশনা:**

১. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক জারিকৃত নিম্নের স্মারকদ্বয়ে বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে;
   **(ক) স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৩৯০; তারিখ: ১৩/০৬/২০২১ খ্রি.**
   **(খ) স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১/৯৯১; তারিখ: ২৩/০৬/২০২১ খ্রি.**

২. শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকগণকে কোভিড-১৯ সংক্রমণ রোধে গৃহীত স্বাস্থ্যবিধি কঠোরভাবে অনুসরণ করতে হবে। উল্লেখ্য, কোভিড-১৯ অতিমারির কারণে কঠোর লকডাউন/বিধি-নিষেধ চলাকালীন অ্যাসাইনমেন্ট কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালক ও স্থানীয় প্রশাসনের সাথে প্রতিষ্ঠান প্রধানগণ সমন্বয় করে আলোচনার মাধ্যমে বাস্তব ভিত্তিক পদক্ষেপ গ্রহণ করবেন। যে কোনো পদক্ষেপ গ্রহণের ক্ষেত্রে স্বাস্থ্যবিধির নির্দেশনাসমূহ কোনোভাবেই উপেক্ষা করা যাবেনা;

৩. এ কার্যক্রমে পরীক্ষার্থী যেন কোনো অনৈতিক চাপের মুখোমুখি না হয় তা লক্ষ্য রাখতে হবে। এছাড়া অ্যাসাইনমেন্ট সংক্রান্ত বিষয়ে শিক্ষার্থীদের নিকট থেকে কোনো প্রকার ফি/পরীক্ষা ফি/মূল্যায়ন ফি বাবদ অর্থ গ্রহণ করা যাবে না। এ বিষয়ে

কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেলে দ্রুততার সাথে তদন্তপূর্বক বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে;

৪. ২০২১ সালের এইচএসসি পরীক্ষার্থীদের অ্যাসাইনমেন্টের জন্য এ বিজ্ঞপ্তির সাথে একটি কাভার পৃষ্ঠা (নমুনা) সংযুক্ত করা হয়েছে। পরীক্ষার্থী নিজেই কাভার পৃষ্ঠা তৈরি করতে পারবে বা শিক্ষা প্রতিষ্ঠান চাইলে নমুনা অনুযায়ী কাভার পৃষ্ঠা পরীক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট প্রদানের সময় স্বাস্থ্য বিধি প্রতিপালনপূর্বক সরবরাহ করতে পারবে। পরবর্তীতে পরীক্ষার্থীরা কাভার পৃষ্ঠার সংশ্লিষ্ট অংশ পূরণ করে অ্যাসাইনমেন্টের সাথে সংযুক্ত করে অবশ্যই জমা দেবে; তবে এ কাভার পৃষ্ঠা (যদি শিক্ষা প্রতিষ্ঠান সরবরাহ করে) বাবদ শিক্ষার্থীদের নিকট থেকে কোনো অর্থ আদায় করা যাবেনা;

৫. প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান সকল পরীক্ষার্থীর অ্যাসাইনমেন্টে প্রাপ্ত নম্বর সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের নির্দেশনা মোতাবেক (শিক্ষা বোর্ডসমূহ এ বিষয়ে যথা সময়ে নির্দেশনা প্রদান করবে) অনলাইনে প্রেরণ করবে;

৬. মূল্যায়নের ক্ষেত্রে শিক্ষার্থীদের নিজস্বতা, স্বকীয়তা ও সৃজনশীলতা যাচাই করা হবে। **তাই নোট, গাইড, ইন্টারনেট, সামাজিক যোগাযোগ মাধ্যম বা অন্যের লেখা কপি করে অ্যাসাইনমেন্ট জমা দিলে তা বাতিল হয়ে যাবে;** মূল্যায়নকারীকে খুবই সতর্কতার সাথে মূল্যায়ন কার্যক্রম করতে হবে এবং পরীক্ষার্থীদের অনৈতিক কার্যক্রমের প্রমাণ পেলে তা চিহ্নিত করে ব্যবস্থা নিতে হবে। যদি নিরপেক্ষ দ্বিতীয় মূল্যায়নকারী কর্তৃক কোনো শিক্ষার্থীর অনৈতিক কার্যক্রম প্রমাণিত হয় সেক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষার্থীসহ সংশ্লিষ্ট মূল্যায়নকারীকে জবাবদিহিতার আওতায় আনা হবে;

৭. অ্যাসাইনমেন্ট মূল্যায়ন শেষে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান সংশ্লিষ্ট বোর্ডের নির্দেশনা অনুসারে (শিক্ষা বোর্ড এ বিষয়ে যথা সময়ে নির্দেশনা প্রদান করবে) নিজ নিজ প্রতিষ্ঠানের অ্যাসাইনমেন্ট কার্যক্রমে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের মূল্যায়িত অ্যাসাইনমেন্ট সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডে প্রেরণ করবে;

৮. ২০২১ সালের এইচএসসি পরীক্ষার্থীদের জন্য প্রকাশিত অ্যাসাইনমেন্ট যেন প্রতিটি শিক্ষার্থীর হাতে পৌঁছায় সে বিষয়টি স্ব স্ব প্রতিষ্ঠান প্রধান নিশ্চিত করবেন;

৯. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আঞ্চলিক কার্যালয়ের পরিচালকের দপ্তর স্ব স্ব অধিক্ষেত্রে অ্যাসাইনমেন্ট কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে সক্রিয় তত্ত্বাবধান, পরিবীক্ষণ ও প্রয়োজনীয় সমন্বয় করবেন;

১০. অ্যাসাইনমেন্ট কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে সকল প্রতিষ্ঠান প্রধানকে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষক ও কর্মচারীকে নির্দেশনা দেয়া হলো। প্রয়োজনে প্রতিষ্ঠান প্রধানের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় শিক্ষক ও কর্মচারীগণ স্বাস্থ্যবিধি মেনে স্ব স্ব প্রতিষ্ঠানে উপস্থিত থেকে কার্যক্রম পরিচালনা করবেন;

১১. অ্যাসাইনমেন্টের বিষয়ের প্রকৃতি, চাহিদা, পরিসর, ধাপ, চিন্তার ব্যাপকতা এবং শিক্ষার্থীর লেখার মধ্যে সৃজনশীলতা, মৌলিক বিষয় ইত্যাদি যথাযথভাবে মূল্যায়নের জন্য প্রতিটি বিষয়ের প্রতিটি অ্যাসাইনমেন্টের জন্য ভিন্ন ভিন্ন রুব্রিক্স সংযোজন করা হয়েছে। এ বিষয়টি সংশ্লিষ্ট সকলকে লক্ষ্য রাখতে হবে।

১২. মুখস্থ করে বা হুবহু পাঠ্যপুস্তক থেকে লিখে অ্যাসাইনমেন্ট তৈরি না করে পাঠ্যপুস্তকের অর্জিত জ্ঞান, দক্ষতা কাজে লাগিয়ে শিক্ষার্থীর চিন্তা-ভাবনা, কল্পনাশক্তি, অনুধাবন ক্ষমতা, উদ্ভাবনী ক্ষমতা, স্বকীয়তা সৃজনশীল ও নান্দনিক উপায়ে প্রকাশ ও উপস্থাপন করার দক্ষতাকেই মূল্যায়নের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করতে হবে।

১৩. শিক্ষার্থী কর্তৃক জমাকৃত অ্যাসাইনমেন্ট মূল্যায়নপূর্বক নিম্নের ছক **(এক্সেল ফরমেটে)** অনুযায়ী তথ্য প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে:

<table>
<tr><td colspan="12">শিক্ষা প্রতিষ্ঠানের নাম, ইআইআইএন ও ঠিকানা:<br>গ্রুপ ও বিষয়:</td><td rowspan="3">মন্তব্য</td></tr>
<tr><td rowspan="2">শ্রেণি রোল নং</td><td rowspan="2">শিক্ষার্থীর নাম</td><td rowspan="2">রেজি: নং</td><td rowspan="2">অ্যাসাইনমেন্টের শিরোনাম ও নং</td><td rowspan="2">গ্রহণের তারিখ</td><td rowspan="2">জমা প্রদানের তারিখ</td><td colspan="6">প্রাপ্ত স্কোর (রুব্রিক্স অনুযায়ী)</td></tr>
<tr><td></td><td></td><td></td><td></td><td></td><td>নম্বর</td></tr>
<tr><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td></tr>
</table>

# কাভার পৃষ্ঠা ও সংশ্লিষ্ট বিষয়ে নির্দেশনা

**(ক) আঞ্চলিক পরিচালক-এর দপ্তরে সংশ্লিষ্টদের জন্য প্রযোজ্য:**

১. ২০২১ সালের এইচএসসি পরীক্ষার্থীদের জন্য প্রেরিত কাভার পৃষ্ঠা যথাযথ ব্যবহারের বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানদের সাথে নিয়মিত যোগাযোগ রাখা;

২. কাভার পৃষ্ঠা সঠিকভাবে সংযুক্ত করা, পূরণ করা ইত্যাদি বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান;

৩. অ্যাসাইনমেন্ট কার্যক্রম তত্ত্বাবধান, পরিবীক্ষণ, সংশ্লিষ্টদের সাথে প্রয়োজনীয় সমন্বয় এবং নিম্নোক্ত ছকে তথ্য সংগ্রহ করা;

**তথ্য ছক (এক্সেল ফরমেটে)**

অঞ্চলঃ
শিক্ষা প্রতিষ্ঠানের নাম, ইআইআইএন ও ঠিকানা:
ইমেইল ঠিকানা -
মোবাইল ফোন নম্বর-
প্রতিষ্ঠানের এমপিও ইনডেক্স (প্রযোজ্য ক্ষেত্রে)-

| ক্রমিক নং | ২০২১ সালের এইচ এসসি পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু পরীক্ষার্থীর সংখ্যা | ...... সপ্তাহের অ্যাসাইনমেন্ট গ্রহণকারী পরীক্ষার্থীর মোট সংখ্যা | ...... সপ্তাহের অ্যাসাইনমেন্ট জমাদানকারী পরীক্ষার্থীর মোট সংখ্যা ও শতকরা হার | ...... সপ্তাহের অ্যাসাইনমেন্ট জমাদান করেনি এমন পরীক্ষার্থীর মোট সংখ্যা ও শতকরা হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|

অঞ্চলঃ
উপজেলাঃ

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম ও ইআইআইএন | ২০২১ সালের এইচ এসসি পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু পরীক্ষার্থীর সংখ্যা | ...... সপ্তাহের অ্যাসাইনমেন্ট গ্রহণকারী পরীক্ষার্থীর মোট সংখ্যা | ...... সপ্তাহের অ্যাসাইনমেন্ট জমাদানকারী পরীক্ষার্থীর মোট সংখ্যা ও শতকরা হার | ...... সপ্তাহের অ্যাসাইনমেন্ট জমা প্রদান করেনি এমন পরীক্ষার্থীর মোট সংখ্যা ও শতকরা হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| মোট | | | | | | |

অঞ্চলঃ
জেলাঃ

| ক্রমিক নং | উপজেলা | ২০২১ সালের এইচ এসসি পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু পরীক্ষার্থীর সংখ্যা | ...... সপ্তাহের অ্যাসাইনমেন্ট গ্রহণকারী পরীক্ষার্থীর মোট সংখ্যা | ...... সপ্তাহের অ্যাসাইনমেন্ট জমাদানকারী পরীক্ষার্থীর মোট সংখ্যা ও শতকরা হার | ...... সপ্তাহের অ্যাসাইনমেন্ট জমা প্রদান করেনি এমন পরীক্ষার্থীর মোট সংখ্যা ও শতকরা হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| মোট | | | | | | |

অঞ্চলঃ

| ক্রমিক নং | জেলা | ২০২১ সালের এইচ এসসি পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু পরীক্ষার্থীর সংখ্যা | ...... সপ্তাহের অ্যাসাইনমেন্ট গ্রহণকারী পরীক্ষার্থীর মোট সংখ্যা | ...... সপ্তাহের অ্যাসাইনমেন্ট জমাদানকারী পরীক্ষার্থীর মোট সংখ্যা ও শতকরা হার | ...... সপ্তাহের অ্যাসাইনমেন্ট জমা প্রদান করেনি এমন পরীক্ষার্থীর মোট সংখ্যা ও শতকরা হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| মোট | | | | | | |

৪. সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের নির্দেশনা অনুযায়ী অ্যাসাইনমেন্টে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক অনলাইনে প্রেরণের বিষয়টি নিশ্চিতে যথাযথ ব্যবস্থা নেয়া;

৫. সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের নির্দেশনা অনুযায়ী বিষয়ভিত্তিক মূল্যায়নকৃত অ্যাসাইনমেন্ট শিক্ষা বোর্ডে যথাযথভাবে প্রেরণের বিষয়টি নিশ্চিত করা;

৬. সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের নির্দেশনা অনুযায়ী বিষয়ভিত্তিক মূল্যায়নকৃত মোট অ্যাসাইনমেন্টের যেগুলো শিক্ষা বোর্ডে প্রেরণ করা হবে সে অ্যাসাইনমেন্টগুলোর কাভার পৃষ্ঠার একাংশ ছেঁড়া ও সংরক্ষণের বিষয় পর্যবেক্ষণ করা;

৭. অ্যাসাইনমেন্ট কার্যক্রম চলাকালীন তাঁর দপ্তরের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সাথে সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি যথাযথ অনুসরণপূর্বক নিয়মিত ভার্চুয়াল সভার মাধ্যমে অ্যাসাইমেন্ট বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা;

৮. অ্যাসাইনমেন্ট প্রস্তুতের ক্ষেত্রে কোনো শিক্ষার্থী যেন কোনোভাবেই নকল বা অন্য কোনো অনিয়মের আশ্রয় গ্রহণ না করে সে বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ।

**(খ) শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণের প্রতি নির্দেশনা:**

১. অ্যাসাইনমেন্ট বিতরণ/গ্রহণ/মূল্যায়নসহ সংশ্লিষ্ট সকল নির্দেশনা শিক্ষক/পরীক্ষার্থী/অভিভাবকবৃন্দকে দ্রুত অবহিত করা ;

২. অ্যাসাইনমেন্ট প্রদানের সাথে সাথে কাভার পৃষ্ঠা পূরণ ও সংযোজনের বিষয়ে পরীক্ষার্থীদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান;

৩. পরীক্ষার্থীর জমা দেয়া অ্যাসাইনমেন্টের কাভার পৃষ্ঠার যথাযথ ব্যবহার নিশ্চিত করা;

৪. কাভার পৃষ্ঠার ৪(চার)টি অংশ রয়েছে- পরীক্ষার্থীর অংশ, মূল্যায়নকারীর অংশ, শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষের অংশ এবং বোর্ডের অংশ।

৪.১ পরীক্ষার্থীর অংশ নিম্নরূপ:

## মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা

২০২১ সালের এইচএসসি পরীক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট

শিক্ষা বোর্ডের নামঃ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ............................................

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| শিক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর (ইংরেজিতে) | | | | | | | | | | | ৮ম/৯ম শ্রেণিতে রেজিস্ট্রেশন অনুযায়ী |

| | | |
|---|---|---|
| পরীক্ষার্থীর নাম (ইংরেজিতে ক্যাপিটাল লেটারে) | | এসএসসি/দাখিল সনদ অনুযায়ী |
| পরীক্ষার্থীর পিতার নাম (ইংরেজিতে ক্যাপিটাল লেটারে) | | এসএসসি/দাখিল সনদ অনুযায়ী |

| | | |
|---|---|---|
| পরীক্ষার্থীর মাতার নাম (ইংরেজিতে ক্যাপিটাল লেটারে) | | এসএসসি/দাখিল সনদ অনুযায়ী |

| | | | | |
|---|---|---|---|---|
| বিষয় কোড ও বিষয়ের নাম | | | | |

অ্যাসাইনমেন্টের ক্রমিক নম্বর (ইংরেজিতে):

অ্যাসাইনমেন্ট শিরোনাম:

________________________________________

________________________________________

এ অংশটি পরীক্ষার্থী স্ব-হস্তে পূরণ করবে। পরীক্ষার্থীদের জন্য কাভার পৃষ্ঠার উপরের অংশ নির্ধারিত রয়েছে এবং নিচের অন্য ৩(তিন)টি অংশে পরীক্ষার্থীরা কোনো কিছু লিখতে পারবে না অর্থাৎ ফাঁকা থাকবে। পরীক্ষার্থীরা কাভার পৃষ্ঠায় তার অংশ পূরণ করে অ্যাসাইনমেন্ট জমাদানের পর সংশ্লিষ্ট মূল্যায়নকারী, কলেজ কর্তৃপক্ষ ও বোর্ড নির্ধারিত অংশ পূরণ করবে।

৪.২ কাভার পৃষ্ঠার ২য় অংশ মূল্যায়নকারী শিক্ষক নিম্নের ছক মোতাবেক পূরণ করবেন-

**মূল্যায়নকারী শিক্ষক কর্তৃক পূরণীয়** (প্রাপ্ত নম্বর ইংরেজিতে লিখতে হবে)

| নির্দেশক (Indicators) | ক | খ | গ | ঘ | ঙ | চ | মোট নম্বর |
|---|---|---|---|---|---|---|---|
| প্রাপ্ত নম্বর (Marks obtained) | | | | | | | |
| মূল্যায়নকারী শিক্ষকের নাম | | | | স্বাক্ষর | | | |

৪.৩ কাভার পৃষ্ঠার ৩য় অংশ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক নির্দেশনা মোতাবেক পূরণ করতে হবে-

নিচের অংশ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পূরণ করতে হবে

বিষয় কোড ও বিষয়ের নাম:

অ্যাসাইনমেন্টের ক্রমিক নম্বর (ইংরেজিতে):

অ্যাসাইনমেন্ট শিরোনাম: ______________________________

(নিচের অংশ ইংরেজিতে পূরণীয়)

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| EIIN ও প্রতিষ্ঠানের নাম | | | | | | | |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| শিক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর | | | | | | | | | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| পরীক্ষার্থীর এইচএসসি পরীক্ষার রোল নম্বর | | | | | | |

| | |
|---|---|
| প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীল | |

৪.৪ শিক্ষা বোর্ডের জন্য

| | প্রাপ্ত নম্বর | শিক্ষকের নাম ও স্বাক্ষর |
|---|---|---|
| পুনঃমূল্যায়নকারী শিক্ষক কর্তৃক মূল্যায়ন | | |

৫. কাভার পৃষ্ঠার উল্লিখিত তথ্য যথাযথভাবে পূরণ ও তা যাচাইপূর্বক অ্যাসাইনমেন্ট জমার বিষয়টি নিশ্চিত করতে হবে;

৬. অ্যাসাইনমেন্টে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের নির্দেশনা অনুযায়ী অনলাইনে প্রেরণের বিষয়টি নিশ্চিত করতে হবে;

৭. সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের নির্দেশনা অনুযায়ী বিষয়ভিত্তিক মূল্যায়নকৃত অ্যাসাইনমেন্ট শিক্ষা বোর্ডে যথাযথভাবে প্রেরণের বিষয়টি নিশ্চিত করতে হবে;

৮. সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের নির্দেশনা অনুযায়ী বিষয়ভিত্তিক মূল্যায়নকৃত মোট অ্যাসাইনমেন্টের যেগুলো শিক্ষা বোর্ডে প্রেরণ করা হবে সে অ্যাসাইনমেন্টগুলোর কাভার পৃষ্ঠার একাংশ ছেঁড়া ও সংরক্ষণের বিষয়টি নিশ্চিত করবেন;

৯. অ্যাসাইনমেন্ট প্রস্তুতের ক্ষেত্রে কোনো শিক্ষার্থী যেন কোনোভাবেই নকল বা অন্য কোনো অনিয়মের আশ্রয় গ্রহণ না করে সে বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করবেন;

১০. মূল্যায়নকারী শিক্ষক অ্যাসাইনমেন্ট মূল্যায়নের ক্ষেত্রে যেনো কোনো রকম অবহেলা, অতিমূল্যায়ন বা অবমূল্যায়ন না করে সে বিষয়টি নিশ্চিত করবেন;

**(গ) মূল্যায়নকারী শিক্ষকের জন্য নির্দেশনা:**

১. অ্যাসাইনমেন্ট মূল্যায়ন ও কাভার পৃষ্ঠা ব্যবহারে যথাযথ গুরুত্ব প্রদান করতে হবে;

২. নিম্নের ছক মোতাবেক কাভার পৃষ্ঠায় শিক্ষার্থীর প্রাপ্ত নম্বর এর তথ্য পূরণ করতে হবে-

**মূল্যায়নকারী শিক্ষক কর্তৃক পূরণীয়** (প্রাপ্ত নম্বর ইংরেজিতে লিখতে হবে)

| নির্দেশক (Indicators) | ক | খ | গ | ঘ | ঙ | চ | মোট নম্বর |
|---|---|---|---|---|---|---|---|
| প্রাপ্ত নম্বর (Marks obtained) | | | | | | | |
| মূল্যায়নকারী শিক্ষকের নাম | | | | স্বাক্ষর | | | |

৩. অ্যাসাইনমেন্ট প্রস্তুতের ক্ষেত্রে শিক্ষার্থীর যদি নকল বা অন্য কোনো অনিয়মের সাথে জড়িত থাকার প্রমাণ পাওয়া যায় তবে তার বিষয়ে প্রতিষ্ঠান প্রধানকে তাৎক্ষণিক অবহিত করবেন;

৪. অ্যাসাইনমেন্ট মূল্যায়নের ক্ষেত্রে কোনো প্রকার অবহেলা, অতিমূল্যায়ন বা অবমূল্যায়ন অথবা স্বজনপ্রীতি করা যাবে না;

৫. শিক্ষার্থীর প্রস্তুতকৃত অ্যাসাইনমেন্ট মূল্যায়নের ক্ষেত্রে সামঞ্জস্য ও সমরূপতা আনয়নের জন্য শিক্ষকগণকে প্রতিটি অ্যাসাইনমেন্ট মূল্যায়নের জন্য প্রণীত মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) অনুসরণ করতে হবে;

কাভার পৃষ্ঠার শিক্ষার্থীদের অংশ যথাযথভাবে তারা পূরণ করেছে কিনা তা সঠিকভাবে যাচাই করে নিশ্চিত হবেন;

**(ঘ) অভিভাবকবৃন্দের প্রতি অনুরোধ:**

১. বিদ্যালয় থেকে/অনলাইনে কাভার পৃষ্ঠা সংগ্রহের ক্ষেত্রে সন্তানদের সহযোগিতা করবেন। এ বিষয়ে কোভিড-১৯ জনিত সরকার কর্তৃক ঘোষিত স্বাস্থ্যবিধি যথাযথ অনুসরণ করবেন;

২. কাভার পৃষ্ঠার উপরের অংশে পরীক্ষার্থীর তথ্য ছক সঠিকভাবে ইংরেজিতে পূরণ করার ক্ষেত্রে সহযোগিতা করবেন;

৩. পরীক্ষার্থী যেন তার নির্ধারিত অংশ ব্যতীত কাভার পৃষ্ঠার অন্য কোনো অংশে বা অপর পৃষ্ঠায় কিছু না লেখে তা নিশ্চিত করবেন;

৪. অ্যাসাইনমেন্ট জমা প্রদানের ক্ষেত্রে যেন কোন ক্রমেই স্বাস্থ্যবিধি উপেক্ষিত না হয় সে বিষয়টি নিশ্চিত করবেন;

৫. অ্যাসাইনমেন্ট প্রস্তুতের ক্ষেত্রে শিক্ষার্থী যেন নকল বা অন্য কোনো অনিয়মের আশ্রয় গ্রহণ না করে সে বিষয়টি যথাযথভাবে নিশ্চিত করবেন।

**(ঙ) শিক্ষার্থীদের জন্য নির্দেশনা:**

১. অনলাইনে বা স্বাস্থ্যবিধি কঠোরভাবে মেনে অ্যাসাইনমেন্ট সংগ্রহ করতে হবে;

২. কঠোরভাবে স্বাস্থ্যবিধি মেনে অ্যাসাইনমেন্ট জমা দিতে হবে;

৩. কাভার পৃষ্ঠার উপরের অংশ ইংরেজিতে নির্ভুলভাবে পূরণ করতে হবে;

৪. কাভার পৃষ্ঠার উপরের অংশ নিম্নের ছক অনুযায়ী যথাযথভাবে ইংরেজিতে পূরণ করতে হবে;

(নিচের অংশ শিক্ষার্থীকে স্বহস্তে ইংরেজিতে পূরণ করতে হবে)

২০২১ সালের এইচএসসি পরীক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট

শিক্ষা বোর্ডের নামঃ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ...............................................

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| শিক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর (ইংরেজিতে) | | | | | | | | | | | ৮ম/৯ম শ্রেণিতে রেজিস্ট্রেশন অনুযায়ী |

| | | |
|---|---|---|
| পরীক্ষার্থীর নাম (ইংরেজিতে ক্যাপিটাল লেটারে) | | এসএসসি/দাখিল সনদ অনুযায়ী |
| পরীক্ষার্থীর পিতার নাম (ইংরেজিতে ক্যাপিটাল লেটারে) | | এসএসসি/দাখিল সনদ অনুযায়ী |
| পরীক্ষার্থীর মাতার নাম (ইংরেজিতে ক্যাপিটাল লেটারে) | | এসএসসি/দাখিল সনদ অনুযায়ী |

| | | | | |
|---|---|---|---|---|
| বিষয় কোড ও বিষয়ের নাম | | | | |

অ্যাসাইনমেন্টের ক্রমিক নম্বর (ইংরেজিতে):

অ্যাসাইনমেন্ট শিরোনাম:

_______________________________________________

_______________________________________________

৫. নির্ধারিত অংশ ব্যতীত কাভার পৃষ্ঠার অন্য কোনো স্থানে বা অপর পৃষ্ঠায় কোনো কিছু লেখা যাবে না;

৬. কোনো শিক্ষার্থী অ্যাসাইনমেন্ট প্রস্তুতের ক্ষেত্রে নকল বা অন্য কোনো অনিয়মের আশ্রয় গ্রহণ করতে পারবে না। এ বিষয়টি প্রমাণিত হলে তাঁর অ্যাসাইনমেন্ট বাতিল করা হবে;

৭. অ্যাসাইনমেন্ট জমা দানের ক্ষেত্রে কোন সমস্যা/জটিলতা হলে প্রতিষ্ঠান প্রধানের সাথে আলোচনা সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৮. কোভিড- ১৯ অতিমারি জনিত সংক্রমণ রোধে সরকার কর্তৃক ঘোষিত স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণপূর্বক অ্যাসাইনমেন্ট কার্যক্রম সম্পাদন করতে হবে।

২০২১ সালের এইচএসসি পরীক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট সম্পর্কিত এ বিজ্ঞপ্তি নির্দেশক্রমে জারি করা হলো।

26.7.2021

(প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী)
পরিচালক (কলেজ ও প্রশাসন)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।